**এই প্রশ্নপত্রটিতে 30** টি প্রশ্ন [বিভাগ-ক (20) + বিভাগ-খ (5) অথবা বিভাগ-গ (5)] এবং **8** টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

রোল নং | | | | | | | | | | | | |

**Code No. 55/SS/O/B**
কোড নং

**Set/সেট A**

# বাংলা
# (303)

পরীক্ষার দিন ও তারিখ ____________________

তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর **1.** ____________________

**2.** ____________________

**সাধারণ নির্দেশাবলী :**

**1** পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

**2** দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

**3** উত্তর-পুস্তিকার উপরে কোনো রকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গন্য হবে।

**4** আপনার প্রশ্নপত্রের কোড নং **55/SS/O/B** এবং **Set-A** টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।

# বাংলা
# (303)

সময় ঃ **3** ঘন্টা ] [ পুর্ণমান ঃ **100**

**নির্দেশাবলি ঃ**

(i) এই প্রশ্নপত্রে 'ক', 'খ' এবং 'গ' বিভাগ আছে ।

(ii) বিভাগ 'ক'-এর সমস্ত প্রশ্নের উত্তর লেখা আবশ্যিক ।

(iii) বিভাগ 'খ' অথবা বিভাগ 'গ' - এর যে কোনো একটি বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।

(iv) বিভাগ 'ক'-এর মান 85 ও বিভাগ 'খ' অথবা বিভাগ 'গ'-এর মান 15 ।

## বিভাগ - ক
**(নির্দেশ্য অনুযায়ী সমস্ত প্রশ্নের উত্তর লিখতে হবে)**

**1** (a) নীচের কাব্যাংশটির সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : **4**

সেখানে হলুদ-শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের পর
শঙ্খমালা নাম তার; এ বিশাল পৃথিবীর কোনো নদীঘাটে
তারে আর খুজে পাবেনাকো - বিশালাক্ষী দিয়েছিল বর,
তাই সে জন্মেছে নীল বাংলার ঘাস আর ধানের ভিতর ।

**অথবা**

............................ বাংলা ভাষা
উচ্চারিত হলে অন্ধ বাউলের একতারা বাজে
উদার গৈরিক মাঠে, খোলাপথে, উত্তাল নদীর
বাঁকে বাঁকে, নদীও নর্তকী হয় ।

(b) নীচের কবিতাংশের ভাব-সৌন্দর্য স্পষ্ট করুন : **2**

সে যুগ হয়েছে বাসি,
যে যুগে পুরুষ দাস ছিল নাক নারীরা আছিল দাসী ।
বেদনার যুগ, মানুষের যুগ, সাম্যের যুগ আছি,
কেহ রহিবেনা বন্দি কাহারও উঠেছে ডঙ্কা বাজি ।

2 নীচের প্রশ্নগুলির মধ্যে দুটি প্রশ্নের উত্তর লিখুন 4

(a) "রাধার কী হইল অন্তরে ব্যথা । 2

বসিয়া বিরলে থাকয়ে একলে

না শুনে কাহারো কথা ।"

কার লেখা, কোন কবিতার অংশ এটি ? রাধা বিরলে বসে কী করছেন ?

(b) "এই ছবিটা ? মানুষ নাকি এটা ?" - 2

ছবিটি কার ? বক্তার ছবিটি কে মানুষের নয় বলে মনে হল কেন ?

(c) "এই পৃথিবীতে এক স্থান আছে" - এই কবিতাটিতে উল্লেখিত তিনটি গাছ এবং তিনটি নদীর নাম লিখুন । 2

(d) "মহাভারতের কথা অমৃত সমান ।" - কে বলেছেন এ কথা এবং এমন কথা বলার কারণ কী ? 2

3 "পদ্মাবতীর বিবাহমঙ্গল" কবিতার মূল ভাবটি সংক্ষেপে লিখুন । 2

4 উদাহরণ দিয়ে আখ্যান কাব্য এবং গীতি কাব্যের তুলনা করুন । 2

5 কবিতায় 'চিত্রকলা' বলতে কী বোঝায় ? একটি বাক্যে উদাহরণ দিন । 2

6 কবিতাংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : 1×4=4

হে মোর দুর্ভাগা দেশ, যাদের করেছ অপমান,

অপমান হতে হবে তাহাদের সবার সমান ।

মানুষের অধিকারে বঞ্চিত করেছ যারে,

সম্মুখে দাঁড়ায়ে রেখে, তবু কোলে দাওনাই স্থান,

অপমানে হতে হবে, তাহাদের সবার সমান ॥

প্রশ্ন :

(a) 'দুর্ভাগা দেশ' বলতে কোন দেশকে বলা হয়েছে ? 1

(b) কে, কাদের অপমান করেছে ? 1

(c) কীভাবেইবা তাদের অপমান করা হয়েছে ? 1

(d) অপমানকারীরা অপমানিতের কীভাবে সমান হবে এবং কেন ? 1

7 নীচের গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন : **6**

"একত্রিসে ডিসেম্বর আমরা ঠিক করলাম যে, বেশ ঘটা করে নতূন বছর উদ্‌যাপন করা হবে ।"

**অথবা**

দমকলের ঘণ্টা শোনা গেল সেই সঙ্গে দমকলের কর্মীরা যখন কর্দমাক্ত বীভৎস শীর্ণ ছোটো দেহখানা তুলে আনল, তখন মহারাজ মরে গেছে । চোখ দুটো খোলা, সাদা আর মুখখানা হাঁ-করা । নিশ্বাস নিতে প্রাণপণে চেষ্টা করেছিল মহারাজ, কারণ মানুষ মরতে চায়না ।

8 নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **2+2+2+1=7**

(i) মোষ দুটো কিনে বাড়ির কাছাকাছি এসে রংলালের মনের অবস্থার পরিবর্তন হচ্ছিল কেন ? **2**

(ii) "বৃন্দাবন দাঁড়িয়ে ছিল পিছনে অপরাধীর মতো" - বৃন্দাবনের অপরাধীর মতো দাঁড়িয়ে থাকার কারণ কী ? **2**

(iii) "বিড়াল" প্রবন্ধ অবলম্বনে সমাজের ধনবৃদ্ধির ব্যাপারে বিড়াল উদাসীন কেন, লিখুন । **2**

(iv) ইউরোপের 'তামসিক যুগ' বলতে কোন সময়ের কথা বলা হয়েছে ? **1**

9 যেকোনো একটি প্রশ্নের উত্তর লিখুন : **2**

(i) 'শিলাইদহ থেকে' কী জাতীয় সাহিত্যের নিদর্শন, এর বৈশিষ্ট্য সহ লিখুন ।

(ii) 'সব্যসাচী' গদ্যাংশে সব্যসাচী চরিত্রে প্রকৃতপক্ষে কাদের চরিত্রের প্রতিফলন ঘটেছে এবং কী করে বুঝলেন ?

10 অংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **1×4=4**

নিরু কহিল, "টাকা যদি দাও তবেই অপমান । তোমার মেয়ের কোনো মর্যাদা নেই ? আমি কি কেবল একটা টাকার থলি, যতক্ষণ টাকা আছে, ততক্ষণ আমার দাম ।" ... রামসুন্দর কহিলেন, "তা-হলে তোমাকে যেতে দেবোনা, মা ।"

**প্রশ্ন :**

(i) এখানে কার কার মধ্যে কথোপকথোন চলেছে ? **1**

(ii) প্রথম বক্তা কী দেওয়ার বিষয়ে অপমানজনক বলে মনে করছে ? **1**

(iii) 'যতক্ষণ টাকা আছে, ততক্ষণ আমার দাম' বলতে কোন বিষয়ের প্রতি ইঙ্গিত আছে ? **1**

(iv) প্রথম বক্তা এটিকে অপমান বলে মনে করছে কেন ? **1**

**11** উত্তর লিখুন : **4**

লেখক [illegible] পূর্বপুরুষদের সমাধিক্ষেত্রের সঙ্গে মিশরের ফ্যারাওদের সমাধিক্ষেত্রের তুলনা করতে গিয়ে যা ভেবেছেন, তা নিজের ভাষায় লিখুন।

**অথবা**

সত্যচরণ যখন লবটুলিয়া ছেড়ে চলে আসছেন, তখন তাঁর পরিচিতজনেরা কি ভাবে তাঁকে বিদায় দিলেন ? বিদায়কালে লেখকের (সত্যচরণ) মনে যে অনুভুতির সঞ্চার হয়েছিল, তার পরিচয় দিন।

**12** নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **1×4=4**

(i) লেখকের রাজু পাঁড়েকে সাত্বিক প্রবৃতির লোক বলে মনে হল কেন ? **1**

(ii) "কমপক্ষে দুটি মাএ প্রাণী আমরা।" - কে, কে ? **1**

(iii) জঙ্গলের রাজার সঙ্গে দেখা করার জন্য সত্যচরণ কিছু জিনিস নিয়ে যেতে চেয়েছিলেন কেন ? **1**

(iv) মুহুরি গৌর চক্রবর্তি সত্যচরণকে রাতে ঘুমোবার সময়ে শিয়রে বন্দুক রাখার পরামর্শ দিয়েছিলেন কেন ? **1**

**13** নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **2×5=10**

(i) যে কোনো দুটি শব্দের প্রত্যয় ভেঙ্গে দেখান : **2**

(a) পাচক (b) করনীয়

(c) বৈচিত্র্য (d) বাবুগিরি

(ii) ব্যাসবাক্যগুলিকে সমাসবদ্ধ করুন : (2 টি) **2**

(a) ময়ূরের কণ্ঠের মতো কণ্ঠ যার (b) অন্য ভাষা

(c) পীত অম্বর যার (d) জন্ম থেকে অন্ধ

(iii) অর্থানুসারে কি জাতীয় বাক্য, তা তালিকা থেকে বেছে লিখুন : (2 দুটি) **2**

[ বাক্য শর্তসাপেক্ষ, প্রশ্নবোধক, অনুরোধবাচক, নির্দেশক ]

(a) আমরা দেশকে ভালোবাসি। ________________

(b) আপনি কী করেন ? ________________

(c) যদি সে যায়, তবে আমি যাব। ________________

(d) অনুগ্রহ করে বইটা ধরুন না ! ________________

(iv) বাংলা শব্দভাণ্ডারের কোন শ্রেণীর শব্দ এগুলি ? (2 টি) **2**

[ শব্দ : তৎসম / তদভব / মিশ্র / আগন্তুক ]

(a) ডাক্তারবাবু (b) স্টেশন

(c) রাএ (d) নক্ষএ

(v) গঠনগত দিক দিয়ে কোনটি কী বাক্য ? (2 টি) **2**

[ বাক্য : জটিল / সরল / যৌগিক / সরল ]

(a) সন্ধ্যে হলে বাড়ি ফিরলাম। ________________

(b) তুমি জাবে, কিন্তু আমি যাবনা। ________________

(c) সে যখন এখানে এল, তখন বৃষ্টি শুরু হয়েছে। ________________

(d) আমি ছেলেটিকে ঘুড়ি ওড়াতে দেখলাম। ________________

**14** যে কোনো একটি বিষয়ে একটি প্রতিবেদন রচনা করুন : **4**

(i) গত ২২ অক্টোবর একটি ফ্ল্যাটে ভয়াবহ ডাকাতি হল। সাংবাদিক হিসেবে এর খবর নিতে গিয়ে আপনার যে অভিজ্ঞতা হল, তা প্রতিবেদন আকারে লিখুন।

(ii) একটি গ্রামে ম্যালেরিয়া মহামারীর আকার ধারণ করল। এর বিস্তৃত বিবরণ এবং প্রতিকার - সম্ভাবনা বিষয়ে একটি প্রতিবেদন রচনা করুন।

**15** সম্প্রতি (8 নভেম্বর 2016) কেন্দ্রীয় সরকার প্রচলিত 500 টাকা ও 1000 টাকার নোটবাতিল করেছে। এ বিষয়ে আপনার অভিমত নিজের ভাষায় ব্যক্ত করুন। **2**

**অথবা**

প্রখ্যাত এক বাংলা ভাষার লেখকের একটি বইয়ের চলচিত্রায়িত বিন দেখে আপনার ভালো লাগল। বইটি পড়া না থাকায় এটি সংগ্রহ করে পড়বার পর আপনার অনুভূতি কী হল ?

**16** অংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **3**

ছেলেবেলায় যাত্রা দেখতে ভালো বাসতুম। এখন যাত্রার আসরে নিজেই নেমে পড়ে দেখছি, জিনিসটা যত সহজ মনে করা গিয়েছিল, আসলে তা নয়। যাত্রার সেরা সংসার যাত্রা, তাও একটা বড়োপার্ট দিলে হয়তো কায়দা-কানুন দেখাতে পারতুম। কিন্তু মোগল সৈন্য সেজে যে প্রাণ যায় যায়।

(i) কে যাত্রাপালায় নেমে পড়েছেন ? **1**

(ii) সংসারকে যাত্রা বলা হয়েছে কেন ? **1**

(iii) 'মোগল সৈন্য' বলতে কী বোজান হয়েছে ? **1**

**17** নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন : **4**

(i) নীচে কয়েকটি প্রয়োজনীয় জিনিসের নাম, পরিমাণ এবং কিলোগ্রাম হিসেবে দাম উল্লেখ করা হল। এগুলিকে ছকের সাহায্যে তালিকাবদ্ধ করুন :

(ক) চাল-5 কেজি / দাম - 33 টাকা; (খ) মাছ - 750 গ্রাম / দাম - 200 টাকা;

(গ) সবজি - 1500 গ্রাম / দাম (গড়) - 30 টাকা; (ঘ) ডাল - 500 গ্রাম / দাম - 160 টাকা;

(ঙ) দুধ - 1 কেজি / দাম - 24 টাকা।

(ii) একটি পরিবারের কর্তা অমর রায় (স্ত্রী-সুমতি রায়) - তিন ছেলে (অমল / কমল / বিমল) এবং একমেয় (লতিকা) - অমলের এক ছেলে (পল্টু) ও একমেয়ে (রিনি) - কমল অবিবাহিত - বিমলের দুই ছেলে (বাচ্চু ও খোকা)। - বংশলতিকা তৈরি করুন।

**18** যে কোন একটি বিষয় সম্বন্ধে একটি নিবন্ধ রচনা করুন : **8**

(i) পরিবেশ দূষণের প্রতিকার সম্ভাবনা

(ii) দূরদর্শনের ভালো ও মন্দ দিক

(iii) যে খেলা আপনার ভালো লাগে

(iv) স্বামী বিবেকানন্দ ও ভারতীয় যুব সমাজ।

**19** চিঠি লেখার রীতি মেনে একটি বিষয় সম্বন্ধে একটি চিঠি লিখুন : **4**

আপনি আপনার বাড়িথেকে অনেকদূরে কর্মরত। চল ভাষে (mobile) খবর পেলেন, আপনার মা খুবই অসুস্থ। আপনি আপনার বাবাকে আপনার মনের ভাব এবং ভবিষ্যৎ করনীয় সম্বন্ধে জানিয়ে একটি চিঠি লিখুন।

**অথবা**

আপনি এক নামি কম্প্যুটার প্রশিক্ষণ কেন্দ্রে আপনার ভর্তি হবার আগ্রহ জানিয়ে একটি বিষয় ভিত্তিক চিঠি লিখুন।

**20** নীচের গদ্যের অনুচ্ছেদ বা কবিতাংশটি পড়ে তার সংক্ষিপ্তসার লিখুন : **3**

অনুবীক্ষণ নামে একরকম যন্ত্র আছে। তাহাতে ছোটো জিনিসকে বড়ো করিয়া দেখা যায়। বড়ো জিনিসকে ছোটো দেখাইবার নিমিত্ত উপায় পদার্থ বিদ্যাশাস্এ নির্দিষ্ট থাকিলেও, ঐ উদ্দেশ্যে কোনো যন্ত্র আমাদের মধ্যে সর্বদা ব্যবহার হয়না। কিন্তু বিদ্যাসাগরের জীবনচরিত বড়ো জিনিসকে ছোটো দেখাইবার যন্ত্রস্বরূপ।..........এই চতুর্দিকস্থ ক্ষুদ্রতার মধ্যে বিদ্যাসাগরের মূর্তি ধবলগিরির ন্যায় শীর্ষ তুলিয়া দণ্ডায়মান থাকে। কাহারো সাধ্য নাই যে, সেই চূড়া অতিক্রম করে।

**অথবা**

হে ভারত, নৃপতিরে শিখায়েছ তুমি
ত্যজিতে মুকুটদণ্ড সিংহাসন-ভূমি -
ধরিতে দরিদ্রবেশ। শিখায়েছ বীরে
ধর্মযুদ্ধে পদে পদে ক্ষমিতে তারিরে,
ভূলি জয়-পরাজয় করে সংহরিতে।
কর্মীরে শিখালে তুমি যোগসক্ত চিতে
সর্বফলস্পৃহা ব্রহ্মে দিতে উপহার।
গৃহীরে শিখালে গৃহ করিতে বিস্তার
আত্মবন্ধু অতিথি অনাথে।

## বিভাগ - খ
## (পর্যটন)

21 'পর্যটক' কী করেন ? **1**

22 পর্যটনের উৎস কী কী ? **1**

23 ভারতের বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্য অণ্চলের প্রধান জন্তু কী ? **1**

24 পর্যটন শিল্পের উন্নয়ন ও প্রসারের পথে বাধাগুলির উল্লেখ করুন । **5**

25 বিশেষভাবে কোন কোন অণ্চলে পর্যটকদের পর্যটনে আগ্রহ দেখা যায় ? উপকূল পর্যটনের বিবরণ দিয়ে উপকূল পর্যটনে পর্যটকদের বিশেষভাবে আকর্ষণীয় হয়, সে বিষয়ে আপনার মতামত দিন । **7**

## বিভাগ - গ
## (গর্নজ্ঞাপন)

21 'গনমাধ্যম' বলতে কী বোঝায় ? **1**

22 আধুনিক একটি গনমাধ্যমের উদাহরণ দিন । জনজীবনে ওই মাধ্যমের গুরুত্ব কী সংক্ষেপে লিখুন । **1×2=3**

23 'রেড়িও' কে বেতার বলে কেন ? বেতারে প্রচারিত অন্তত চারটি অনুষ্ঠানের নাম লিখুন । **1×2=3**

24 বৈদ্যুতিন মাধ্যমের অন্তত দুটি সুবিধার কথা উল্লেখ করে, ওগুলি প্রকৃতপক্ষে সুবিধা কিনা বিশ্লেষণ-মূলক আলোচনা করুন । **4**

25 সমাজকে সঠিক পথে পরিচালিত করার ক্ষেত্রে গনমাধ্যমের ভূমিকা কী ধরনের হওয়া উচিত বলে মনে করেন আপনি ? **4**

---